

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে ইউজিসির বাজেট টীমের পর্যালোচনা সভা  
অনুষ্ঠিত



১৯ নভেম্বর-২০২০, বৃহস্পতিবার, দুপুর:২টায় উপাচার্য মহোদয়ের সভা কক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত, ২০২১-২২ অর্থ বছরের মূল বাজেট এবং ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বছরের প্রক্ষেপণ বাজেট পরীক্ষাসহ প্রাসঙ্গিক ও অন্যান্য বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের বাজেট টীমের প্রতিনিধি দলের সাথে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।

এতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, রেজিস্ট্রার, প্রধান প্রকৌশলী, আইকিউএসি এর পরিচালক, গবেষণা পরিচালক এবং অর্থ ও হিসাব দপ্তরের পরিচালক উপস্থিত ছিলেন।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের প্রতিনিধি দলের পক্ষে ছিলেন অর্থ ও হিসাব বিভাগের পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মোঃ শাহ আলম, সিনিয়র সহকারী পরিচালক (বাজেট), প্রশাসনিক কর্মকর্তা (অডিট) সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।